

25/5/2007

দৈনিক ইতিহাস

তারিখ

পৃষ্ঠা ৩

চবি'র তিনশত কর্মকর্তা-কর্মচারীর এডহক নিয়োগ বাতিল

চট্টগ্রাম অফিস : গতকাল সোমবার
অনুষ্ঠিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট
সভায় সর্বসম্মতিক্রমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে

এডহক ভিত্তিতে প্রায় তিনশত কর্মকর্তা-
কর্মচারীর নিয়োগ বাতিল করা হইয়াছে।
বিশ্ববিদ্যালয়ের ভিসি কর্তৃক জরুরী প্রয়োজনে
কেবল যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের মাত্রার রোল
নিয়োগদানের বিধান থাকিলেও নিয়োগপ্রাপ্ত
ব্যক্তির যোগ্যতাসম্পন্ন না হওয়ায় তাহাদের
নিয়োগ বাতিল করা হয় বলিয়া বিশ্ববিদ্যালয়
সিন্ডিকেটের একজন প্রতিনিধি সন্যাস
জানান। সিন্ডিকেটের সিদ্ধান্ত ১লা সেপ্টেম্বর
হইতে কার্যকর হইবে। উল্লেখ্য, চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়ে বর্তমানে এ ধরনের ৩ শত
কর্মকর্তা-কর্মচারী এডহক ভিত্তিতে কর্মরত
রহিয়াছেন। (২য় পৃষ্ঠা ৩-এর ক্যাম্বা)

চবির প্রায় ৩ শত

(প্রথম পৃষ্ঠা পর)

গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের ভিসি
অধ্যাপক ফজলী হোসেনের সভাপতিত্বে তাহার
কক্ষে অনুষ্ঠিত সভায় কয়েকটি বিষয়ে সিদ্ধান্ত
নেওয়া হইল। বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে
কোন সিদ্ধান্ত নেওয়া হয় নাই। গতকালের
সিন্ডিকেট সভায় ইতিপূর্বে সাময়িকভাবে বহিষ্কৃত
বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের শিক্ষক
আলী আব রাজীর বহিষ্কারের প্রস্তাব করা
হইয়াছে। তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ
প্রমাণিত না হওয়ায় সিন্ডিকেট এ পদক্ষেপ নেয়
গত বছর অনুষ্ঠিত সাংবাদিকতা বিভাগের ৩য় বর্ষ
সম্মান পত্রের প্রদানের ক্ষেত্রে ঘটনায় সংশ্লিষ্ট
শিক্ষকের জড়িত থাকার বিষয়ে একটি অভিযোগ
ভিত্তিতে তাহাকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়।

এদিকে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক
ফজলী হোসেনের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ আনিয়
ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা
তাহার অপসারণ দাবীতে আন্দোলনে যাইতেছে
বলিয়া শিবির সূত্র জানাইয়াছে।